অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী।
www.ngdc.ac.bd
e-mail: ngdcrajbd@yahoo.com
ফোন : ০২৫৮৮৮৫০৬৩০

নম্বর : ২৯০

তারিখ : ২৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

এ কলেজে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ্ কর্তৃক জাতীয় রবীন্দ্রসঙ্গীত জেলা শাখা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ, শুক্রবার, রাজশাহী এসোসিয়েশন, অলকার মোড়, রাজশাহী এর সভা কক্ষে ০৯.৩০ মিনিট থেকে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার নিয়মাবলি ও গানের তালিকা বিজ্ঞপ্তির সাথে দেওয়া হলো। আগ্রহী শিল্পী নিচের ফোন নম্বরে যোগাযোগ করতে পারবে।

**যোগাযোগ :**

০১. দুলাল চন্দ্র রায়, মোবাইল : ০১৯১৪-২৫৪৯৯৩
০২. নূরজাহান বেগম শ্যামলীনা, মোবাইল : ০১৭৩৩-৩৩১৪৫১
০৩. ইশরাত জাহান এশা, মোবাইল : ০১৭১৯-৫৫৬২০৯

৭.২.২০২৪
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

০৭।০২।২০২৪
**অধ্যাপক মোঃ শহিদুল ইসলাম**
আহ্বায়ক
সাংস্কৃতিক কমিটি
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

# জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ্
রাজশাহী শাখা, রাজশাহী।

স্মারক নং: ৯৭২          তারিখ: ২৪/০১/২৪

## বিজ্ঞপ্তি

জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদের পক্ষ থেকে আগ্রহী শিল্পীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রবীন্দ্রসঙ্গীত জেলা শাখা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ, শুক্রবার, রাজশাহী এসোসিয়েশন, অলকার মোড়, রাজশাহী এর সভা কক্ষে ০৯.৩০ মিনিট থেকে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার নিয়মাবলি ও গানের তালিকা বিজ্ঞপ্তির সাথে দেয়া হলো। প্রতিযোগিতা সংক্রান্ত কোনো জিজ্ঞাস্য থাকলে নিচে দেওয়া ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


ধন্যবাদ।

২৪/০১/২৪

(দুলাল চন্দ্র রায়)
সাধারণ সম্পাদক
জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ্
রাজশাহী শাখা

অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
প্রাপ্তি নং ৯৭২ তারিখ ০৫/০২/২০২৪
উপাধ্যক্ষ
বিভাগীয় প্রধান ... কমিটি
আহ্বায়ক
জনাব
লাইব্রেরিয়ান
প্রধানসহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার/
অধ্যক্ষ


যোগাযোগ:
০১। দুলাল চন্দ্র রায়
মোবা: ০১৯১৪২৫৪৯৯৩
০২। নূরজাহান বেগম শ্যামলীনা
মোবা: ০১৭৩৩৩১৪৫১
০৩। ইশরাত জাহান এশা
মোবা: ০১৭১৯৫৫৬২০৯



## জাতীয় রবীন্দ্রসঙ্গীত প্রতিযোগিতা ১৪৩০

### জাতীয় রবীন্দ্রসঙ্গীত সম্মিলন পরিষদ্

নিয়মাবলী

১. জাতীয় রবীন্দ্রসঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠানের উদ্দেশ্য রবীন্দ্রসঙ্গীতের যথাযথ চর্চার প্রসারণ, রবীন্দ্রসঙ্গীতের অনুশীলনে দক্ষতা ও উৎকর্ষ অর্জনের স্বীকৃতি ও সম্মাননা। প্রতিযোগীকে বাঙালির সার্বিক সঙ্গীত-সংস্কৃতির সঙ্গে সার্থকভাবে যুক্ত করাও এই প্রতিযোগিতার অন্যতম লক্ষ্য।

২. প্রতিযোগিতা সাধারণ ও কিশোর এই দুই বিভাগে অনুষ্ঠিত হয়। এগার থেকে ষোলো বছর বয়স পর্যন্ত সকলে কিশোর বলে গণ্য হবে। বয়স নির্ধারণে প্রতিযোগীর জন্ম সনদ অথবা জাতীয় পরিচয়পত্র (NID) গ্রাহ্য হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণের ন্যূনতম বয়স এগারো।

৩. হার্মোনিয়ামের পরিবর্তে তানপুরা সহযোগে গান করলে প্রতিযোগীকে গানের মান বিবেচনায় অতিরিক্ত পাঁচ নম্বর দেয়া যেতে পারে।

৪. উপস্থাপনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। বাণীর তাৎপর্য উপলব্ধি করে সাবলীল ভঙ্গিতে গান পরিবেশন করা গুণ বলে বিবেচিত হবে। মুখবিকৃতি, শরীর বাঁকানো, মাথা ঝাঁকানো ইত্যাদি নিন্দনীয়।

৫. গান নিবেদনের আগে গানের সুচারু আবৃত্তি বিচারকদের আনুকূল্য আকর্ষণ করবে। প্রতিযোগিতায় বই, খাতা প্রভৃতি নিয়ে গান গাওয়া যাবে না। সাধারণ বিভাগের প্রতিযোগিতায় পরিবেশনের আগে গানের পর্যায় (পূজা, প্রেম, প্রকৃতি ইত্যাদি), অঙ্গ, প্রকার (ধ্রুপদাঙ্গ, বাউল ইত্যাদি), গ্রন্থভুক্তি (গীতাঞ্জলি, গীতালি ইত্যাদি) এবং তালের বর্ণনা প্রতিযোগীর গুণ হিসেবে ধরা হবে। তবে কেন্দ্রের বাছাই প্রতিযোগিতায় আবৃত্তির প্রয়োজন নেই।

৬. প্রতিযোগিতার দুই বিভাগের জন্য পৃথক দুটি নির্বাচিত গানের তালিকা থাকে। প্রতিযোগীকে অবশ্যই তালিকার একটি গান গাইতে হবে। তাছাড়া প্রত্যেক প্রতিযোগী বিচারকদের কাছে যোগ্যভাবে আয়ত্ত করা পাঁচখানি গানের তালিকা দেবেন। এই তালিকার যেকোনো গান বিচারকরা শুনবেন। একই দিনে একই সময়ে চারটি উন্মুক্ত মঞ্চে কেন্দ্রের বাছাই পর্বের প্রতিযোগিতা চলবে।

৭. কেন্দ্রীয় প্রতিযোগিতায় প্রতিযোগীদের সার্বিক উপস্থাপন অনুযায়ী অনন্য, প্রথম, দ্বিতীয় এবং সাধারণ মান দেয়ার বিধান আছে। জেলা পর্যায়ের প্রতিযোগিতায় প্রথম মান ও দ্বিতীয় মান দেয়া হয়। জেলা পর্যায়ের প্রথম মান অর্জনকারী প্রতিযোগীরা কেন্দ্রীয় প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা লাভ করবে।

৮. কেন্দ্রের কিশোর বিভাগের পূর্ববর্তী প্রতিযোগিতায় অনন্য মানের অধিকারী সাধারণ বিভাগের চূড়ান্ত প্রতিযোগিতায় সরাসরি অংশ নিতে পারবেন। কেন্দ্রের সাধারণ বিভাগের পূর্ববর্তী প্রতিযোগিতায় অনন্য মান অর্থাৎ 'জাহিদুর রহিম স্মৃতি পুরস্কার' বিজয়ী পরবর্তী আর প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন না। সম্মেলন অনুষ্ঠানে তিনি সঙ্গীত পরিবেশন করবেন।

৯. পূর্ববর্তী কেন্দ্রীয় প্রতিযোগিতার সাধারণ ও কিশোর উভয় বিভাগের প্রথম মানের অধিকারী পরবর্তী কেন্দ্রীয় প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে সরাসরি অংশ নিতে পারবেন। তবে কিশোর বিভাগের প্রথম মান অধিকারীর বয়স ষোলো অতিক্রান্ত হলে তাঁকে কেন্দ্রীয় প্রতিযোগিতার সাধারণ বিভাগের বাছাই পর্বে অংশ নিতে হবে।

১০. জেলা পর্যায়ের প্রতিযোগিতায় উভয় বিভাগের প্রথম মান প্রাপ্ত প্রতিযোগীদের মধ্যে প্রথম স্থান অধিকারীরা পরবর্তী জেলা পর্যায়ে অংশ নেবেন না, সরাসরি কেন্দ্রীয় প্রতিযোগিতার বাছাই পর্বে যোগ দেবেন। জেলা পর্যায়ের প্রতিযোগিতার ফল ঘোষণার সময় মাননির্ধারকমণ্ডলী অবশ্যই প্রথম মান প্রাপ্তদের মধ্যে প্রথম স্থান অধিকারীর কথা সুনির্দিষ্টভাবে উল্লেখ করবেন। তবে অংশগ্রহণের সময় কিশোর বিভাগের প্রতিযোগীর বয়স ষোলো বছর অতিক্রান্ত হলে তাঁকে জেলা পর্যায়ের সাধারণ বিভাগে প্রতিযোগিতা করে কেন্দ্রীয় প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করতে হবে। জেলা পর্যায়ের প্রথম মানের প্রথম স্থান অধিকারী সংশ্লিষ্ট বছরে কেন্দ্রীয় প্রতিযোগিতায় অংশ না নিলে, পরবর্তী প্রতিযোগিতায় অংশ নিতে হলে তাকে জেলা পর্যায়ে প্রতিযোগিতা করে আসতে হবে।

১১. প্রথম মান পাওয়া একজন প্রতিযোগী কোনো বিভাগে দুই বারের বেশি প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে না।

১২. তাল ছাড়া বা ঢালা গান এবং জাতীয় সঙ্গীত প্রতিযোগিতার গান হিসেবে গণ্য হবে না।

# নির্বাচিত গানের তালিকা ১৪৩০

| কিশোর বিভাগ | সাধারণ বিভাগ |
|---|---|
| ১. তুমি যে সুরের আগুন লাগিয়ে দিলে | ১. আমি তোমায় যত শুনিয়েছিলাম গান |
| ২. কান্নাহাসির-দোল-দোলানো | ২. আমারে কে নিবি ভাই |
| ৩. কবে আমি বাহির হলেম | ৩. তুমি ধন্য ধন্য হে |
| ৪. আমি মারের সাগর পাড়ি দেব | ৪. ভক্তহৃদিবিকাশ প্রাণবিমোহন |
| ৫. নিত্য তোমার যে ফুল ফোটে | ৫. কার মিলন চাও বিরহী |
| ৬. দূরদেশী সেই রাখাল ছেলে | ৬. দীপ নিবে গেছে মম |
| ৭. একি এ সুন্দর শোভা | ৭. আমার প্রাণের মাঝে সুধা আছে |
| ৮. ওঠো ওঠো রে-বিফলে প্রভাত | ৮. ওগো স্বপ্নস্বরূপিণী, তব অভিসারের পথে |
| ৯. ও জোনাকী, কী সুখে ওই ডানা দুটি মেলেছ | ৯. এই উদাসী হাওয়ার পথে পথে |
| ১০. যে তোমায় ছাড়ে ছাড়ুক | ১০. তুমি কোন্ ভাঙনের পথে এলে |
| ১১. সকরুণ বেণু বাজায়ে কে যায় | ১১. হায় কে দিবে আর সান্ত্বনা |
| ১২. গানগুলি মোর শৈবালেরই দল | ১২. তুমি সন্ধ্যার মেঘমালা |
| ১৩. আকাশ আমায় ভরল আলোয় | ১৩. গোধূলিগগনে মেঘে ঢেকেছিল তারা |
| ১৪. কোন্ পুরাতন প্রাণের টানে | ১৪. শুধু যাওয়া আসা |
| ১৫. মাটির প্রদীপখানি আছে | ১৫. ওরে আমার হৃদয় আমার |
| ১৬. আমাদের ভয় কাহারে | ১৬. কে এসে যায় ফিরে ফিরে |
| ১৭. আমারে ডাক দিল কে ভিতর পানে | ১৭. আমরা মিলেছি আজ মায়ের ডাকে |
| ১৮. আমার নাইবা হল পারে যাওয়া | ১৮. মন যে বলে, চিনি চিনি |
| ১৯. নূতন প্রাণ দাও | ১৯. ধীরে ধীরে ধীরে বও ওগো উতল হাওয়া |
| ২০. আয় আয় আয় আমাদের অঙ্গনে | ২০. ঝরঝর বরিষে বারিধারা |